

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৫.২২.০০১.১৯.১৫৭

তারিখ: ৬ আশ্বিন ১৪৩০
২১ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের এপিএ সংশোধন।

‘এপিএ প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪’ অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরের এপিএ সংশোধন প্রস্তাব (সর্বোচ্চ ১০% সূচকের) আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের মধ্যে উদ্ধর্তন অফিসে প্রেরণের নির্দেশনা রয়েছে।

২। সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত কারিগরি কমিটির বিগত ১১ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় ২০২৩-২৪ অর্থবছরের এপিএ সংশোধনী প্রস্তাব ১০% সূচক হতে বর্ধিত করে ২০% পর্যন্ত বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৩। বর্ণিতাবস্থায় মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০২৩-২৪ অর্থবছরের এপিএ’তে সংশোধনী প্রস্তাব থাকলে তা নিম্নলিখিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (১) সংশোধনী প্রস্তাব সর্বোচ্চ ২০% সূচকের ক্ষেত্রে আনা যাবে; ২০% এর অধিক সূচকের সংশোধনী প্রস্তাব বিবেচনা করা হবে না;
- (২) সকল সংশোধনী প্রস্তাবের যৌক্তিকতা ও প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনের পক্ষে প্রয়োজনীয় কাগজসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;
- (৩) যৌক্তিকতা/কাগজপত্র বিহীন সংশোধনী প্রস্তাব বিবেচনা করা হবে না;
- (৪) সংশোধনীসমূহের যৌক্তিকতা নিম্নলিখিত ক্ষেত্রে বিবেচনা করা হবে:
 - (ক) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা;
 - (খ) মন্ত্রিপরিষদের সিদ্ধান্ত;
 - (গ) অর্থ বিভাগের নির্দেশনা;
 - (ঘ) একনেক সভার সিদ্ধান্ত;
 - (ঙ) ২০২২-২৩ অর্থবছরের এপিএ মূল্যায়ন কর্মশালায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত সুপারিশ;
 - (চ) সূচক/কার্যক্রম স্পষ্টীকরণ; এবং
 - (ছ) সফট টার্গেট সংশোধন।

সংশোধিত সূচকসমূহের লক্ষ্যমাত্রা শুধুমাত্র অসাধারণ (১০০%) অতি উত্তম (৯০%) পর্যন্ত রাখা যাবে। উল্লেখ্য যে, ২০২৩-২৪ অর্থবছর হতে এপিএ’তে সফট টার্গেট নির্ধারণ করা হলে মূল্যায়নের সময় নম্বর কর্তনের বিধান রাখা হয়েছে। এছাড়া এপিএ সংশোধনের ক্ষেত্রে করণিক ভুলের (যেমন: বানান সংশোধন, গণনা পদ্ধতি পরিবর্তন) ক্ষেত্রে উক্ত ২০% এর সীমা প্রযোজ্য হবে না। এখানে আরো উল্লেখ্য যে, বর্ণিত সময়সীমা উত্তীর্ণ হওয়ার পর কোনো সংশোধনী প্রস্তাব বিবেচনা করা হবে না।



২১-৯-২০২৩

মোঃ শামীমুর রহমান

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৪১০৫০১১১

ফ্যাক্স: ৯৫১৩৩০২

ইমেইল: pmpc_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৫.২২.০০১.১৯.১৫৭/১

তারিখ: ৬ আশ্বিন ১৪৩০
২১ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ (অতিরিক্ত সচিব, সংস্কার -এর সদয় অবগতির জন্য)।



২১-৯-২০২৩

মোঃ শামীমুর রহমান

সিনিয়র সহকারী সচিব